



চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

সিএন্ডএফ টাওয়ার, ১৭১২শেখ মুজিব রোড, অত্রাবাদ, চট্টগ্রাম।

প্রচারপত্র নং ১১৫/২০২২

সকল সম্মানিত সদস্যদের প্রতি,

তারিখ : ২৪/১২/২০২২খ্রিঃ

বনভোজনে নিবন্ধনের পুনঃ বিজ্ঞপ্তি

এসোসিয়েশনের সদস্য/সদস্যদের বহুল প্রতিক্ষিত বনভোজন আগামী ১২, ১৩ ও ১৪ই জানুয়ারী ২০২৩ইং কক্সবাজারে আয়োজন করা হয়েছে। বনভোজনে অংশগ্রহণে ইচ্ছুক সদস্যদেরকে ২০/১২/২০২২খ্রিঃ এর মধ্যে নিবন্ধনের জন্য অনুরোধ করা হয়েছিল। যারা অদ্যাবধি নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করেন নি তাঁদেরকে আগামী ২৯/১২/২০২২ইং এর মধ্যে নিবন্ধন কার্যক্রম সম্পন্নে জন্য পুনরায় অনুরোধ করা হল। উক্ত সময়সীমা আর কোনক্রমেই বর্ধিত করা হবে না।

■ বনভোজনে গমনাগমনের সময়সূচী :

- ◆ যাত্রা : ১২ জানুয়ারী ২০২৩, সকাল ৭-০০ ঘটিকা (সিএন্ডএফ টাওয়ারের সম্মুখ হতে)
- ◆ প্রত্যাবর্তন : ১৪ জানুয়ারী ২০২৩, বিকাল ৩ -০০ ঘটিকা (কক্সবাজারস্থ স্ব-স্ব হোটেলের সম্মুখ হতে)

■ বনভোজনের নিবন্ধন ফি :

- | | | | |
|----------------|---------------------------------|----------------|---------------------------------|
| ◆ দম্পতি | - ১৫,০০০ টাকা | ◆ একক | - ১০,০০০ টাকা |
| ◆ প্রতি সন্তান | - ৬,০০০ টাকা (৫ বছর এর উর্ধ্বে) | ◆ ড্রাইভার | - ৬,০০০ টাকা |
| ◆ অতিরিক্ত রুম | - ১২,০০০ টাকা | ◆ অতিরিক্ত বেড | - ৩,০০০ টাকা (প্রাপ্তিসাপেক্ষে) |

■ নির্দেশনাবলী :

- ◆ বনভোজনে সদস্য/সদস্যর স্ত্রী, স্বামী ও সন্তান ব্যতিত কোন অতিথি অথবা আত্মীয়বর্গ অংশগ্রহণ করতে পারবেন না।
- ◆ নিবন্ধন প্রতি, হোটেলে একটি কক্ষ বরাদ্দ থাকবে। তবে যাঁদের পরিবারে সদস্য সংখ্যা অধিক তাঁরা নির্ধারিত ফি পরিশোধ করে অতিরিক্ত একটি কক্ষ বরাদ্দ নিতে পারবেন।
- ◆ প্রতি হোটেলে সীমিত সংখ্যক অতিরিক্ত বেড আগে আসলে আগে পাবেন ভিত্তিতে নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে বরাদ্দ দেয়া হবে।
- ◆ লিমিটেড ও পার্টনারশীপ প্রতিষ্ঠানের অনুকূলে সর্বোচ্চ দুটি পরিবার নিবন্ধিত হতে পারবেন।
- ◆ আগে আসলে আগে পাবেন ভিত্তিতে নিবন্ধন কার্যক্রম পরিচালিত হবে এবং সে অনুযায়ী হোটেলে কক্ষ বরাদ্দ করা হবে।
- ◆ অংশগ্রহণকারী সদস্য/সদস্যদের নিজস্ব যানবাহনের ড্রাইভারদের জন্য সীমিত সংখ্যক কক্ষ ব্যবস্থা করা হয়েছে। যা নির্দিষ্ট ফি পরিশোধ করে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে বরাদ্দ দেয়া হবে।
- ◆ বনভোজনে গমনকালে (১২ জানুয়ারী ২০২৩ইং) সকালের নাশ্তা লোহাগাড়ার চুনতিতে অবস্থিত ফোর সিজন হোটেলে করবেন কিনা তা কুপন ক্রয়কালে নিশ্চিত করবেন।
- ◆ বনভোজনে অংশগ্রহণের জন্য নিজস্ব পরিবহনে যাবেন অথবা এসোসিয়েশনের ভাড়া করা বাসে যাবেন তা কুপন ক্রয়কালে নিশ্চিত করবেন।

■ নিবন্ধনের জন্য যোগাযোগ :

- ◆ জনাব বিকাশ শীল
একাউন্টস্ অফিসার
সি এন্ড এফ টাওয়ার(১৪তম তলা)
১৭১২, শেখ মুজিব রোড, অত্রাবাদ বা/এ, চট্টগ্রাম।

কাজী মাহমুদ ইমাম (বিলু)

সাধারণ সম্পাদক